

লাম্পগ্র্যান্ট কিভাবে প্রদান করতে হবে এবং কিভাবে আনুতোষিক প্রদান করতে হবে

পেনশন সহজীকরণ আদেশ ২০২০ এর ২.০৭ অনুচ্ছেদে ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট), আনুতোষিক ও পেনশন প্রদান সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। লাম্পগ্র্যান্ট কিভাবে প্রদান করতে হবে এবং কিভাবে আনুতোষিক প্রদান করতে হবে সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২.০৭ ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট), আনুতোষিক ও পেনশন প্রদান

(ক) ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরির আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মচারী বিল দাখিল করিবেন। ছুটি নগদায়ন (সর্বোচ্চ ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ) অর্থাৎ লাম্পগ্র্যান্টের অর্থের চেক/EFT হিসাবরক্ষণ অফিস বিল প্রাপ্তি সাপেক্ষে পিআরএল-এ গমনের পরবর্তী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্মচারীর নিকট/ব্যাংক একাউন্টে প্রেরণ নিশ্চিত করিবে।।

(খ) পেনশন মঞ্জুরির কাগজপত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে পেনশন নির্ণয় সংক্রান্ত হিসাব যথাযথভাবে যাচাইপূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবে। পেনশন ও আনুতোষিক নির্ণয়ের জন্য অর্থ বিভাগের ১৪-১০-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ নং প্রজ্ঞাপন অনুসরণ করিতে হইবে (সংযোজনী ১৯)। আনুতোষিকের টাকার চেক/EFT পিআরএল শেষ হওয়ার পর দিন/চূড়ান্ত অবসরগ্রহণের দিন সংশ্লিষ্ট কর্মচারীর নিকট/ব্যাংক একাউন্টে প্রেরণ নিশ্চিত করিতে হইবে।
(গ) চূড়ান্ত অবসরগ্রহণের পর পেনশনারের মাসিক পেনশন EFT এর মাধ্যমে তাহার সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে নিয়মিত প্রেরণ নিশ্চিত করিতে হইবে।